উন্মুক্ত রচনা ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতা

কমনওয়েলথ দিবস ২০১১ উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় একটি উন্মুক্ত রচনা ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করেছে। প্রতিপাদ্য বিষয়ঃ "Women as Agents of Change"। বাংলাদেশের সকল কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র, ছাত্রীরা রচনা প্রতিযোগিতায় এবং ১ম-৮ম শ্রেণীতে অধ্যায়নরত ছাত্র, ছাত্রীরা চিত্রাঙ্কণ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। প্রতিযোগিতার বিস্তারিত তথ্য ও নিয়মাবলী www.parliament.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। কোনো কারণে ওয়েবসাইট ভিজিট সম্ভব না হলে নিম্ন ঠিকানায় যোগাযোগ করুনঃ
"মোঃ এনামুল হক, সহকারী সচিব, (আইপিএ শাখা-২), জাতীয় সংসদ সচিবালয়
ফোনঃ ৮১১২৪৩৩, মোবাইলঃ ০১৮১৯১৯৮৭৩৫, ০১৫৫২৪৯৬১০০।"

জিডি-৫৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন
তেজগাঁও, ঢাকা-১২১৫

স্মারক নং- ৮০.১১৩.০৩৬.০০.০০.০১৭.২০১১-১৭. তারিখঃ ০৩/০১/২০১১খ্রিঃ

বিজ্ঞপ্তি

২৮তম বিসিএস এর লিখিত পরীক্ষার উত্তরপত্র পুনঃ নিরীক্ষণের জন্য যে সকল প্রার্থী কমিশনে আবেদন করেছেন তাদের ডাক যোগাযোগের ঠিকানায় পুনঃ নিরীক্ষিত ফলাফল পর্যায়ক্রমে প্রেরণ করা হবে। সে লক্ষ্যে আবেদনকারী প্রার্থীদের আগামী ১৩/০১/২০১১ইং তারিখের মধ্যে রেজিঃ নম্বর উল্লেখপূর্বক তাদের ডাক যোগাযোগের ঠিকানা পরিচালক (ইউনিট-১৩), বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫ ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

আ ই ম নেছার উদ্দিন
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

জিডি-৯৮

বাংলাদেশ নৌ বাহিনী

নৌ ভান্ডার চট্টগ্রাম, নিউমুরিং, চট্টগ্রাম

দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ নৌ বাহিনী জাহাজ যমুনার ইঞ্জিন, জেনারেটর ও কম্প্রেসর মেরামতের কাজ বহি:সংস্থা হতে সম্পাদনের লক্ষ্যে যথাযথ দক্ষতাসম্পন্ন সংস্থার নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

Description
Repair works of Main Engines (02 in No.), Gear Boxes (02 in No.), Main Engine Control and Monitoring System (Complete), Propellers (02 in No.), Shaft (02 in No.) and Coupling & Engine Mounts of BNS JAMUNA.

Terms and Conditions:

১। "Tender Specification for Repair Works" নৌ ভান্ডার চট্টগ্রাম (এলপি সেকশন), নিউমুরিং, চট্টগ্রাম হতে অফিস চলাকালিন সময়ে টাঃ ৫০০/০০ (পাঁচশত) মাত্র এর বিনিময়ে সংগ্রহ করা যাবে (ফোন নং ০৩১-৭৪০৩৯১-৯ বর্ধিত: ৪৩১৮)।

২। দরপত্র আগামী ৩০ জানুয়ারি ২০১১ এর মধ্যে নৌ ভান্ডার চট্টগ্রাম এর গার্ডরুমে রক্ষিত টেন্ডার বক্সে ১২০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত কাগজপত্রাদিসহ জমা দিতে হবে:
- ক। টিআইএন নম্বর সংক্রান্ত সনদপত্র।
- খ। সিটি কর্পোরেশন কর্তৃক ইস্যুকৃত ট্রেড লাইসেন্স নবায়নের সনদপত্র (হালনাগাদ)।
- গ। ব্যাংকের আর্থিক স্বচ্ছলতার সনদপত্র (গত ০১ বৎসরের হিসাব পরিচালনার বিবরণসহ)।
- ঘ। নাগরিকত্ব সনদপত্র।
- ঙ। আয়কর রিটার্ণ দাখিলের হালনাগাদ ও পূর্ববর্তী বৎসরের আয়কর রিটার্ণ দাখিলের সত্যায়িত কপি।
- চ। সরকার কর্তৃক আরোপিত কোন কর/ভ্যাট ধার্য করা হইলে সরকারি নিয়মানুযায়ী সরবরাহকারী কর্তৃক বহন করিতে হবে এই মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করিতে হবে।

৩। নির্ধারিত কমিটি এইদিনে ১২৩০ ঘটিকায় দরপত্র খুলিবেন। দরপত্র খোলার সময় দরপত্রদাতাগণ উপস্থিত থাকতে পারবেন।

৪। আগামী ২০ জানুয়ারি ২০১১ এ বিএন ডকইয়ার্ডে Pre-Bid মিটিং অনুষ্ঠিত হবে।

৫। কোটেশনে দরদাতার দর অংকে এবং কথায় সুস্পষ্টভাবে লিখতে হবে।

৬। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া গণ্য হবে।

৭। মেরামত কাজের Guarantee থাকতে হবে।

৮। কার্যাদেশ পাওয়ার পর মেরামত কাজ কতদিনের মধ্যে সম্পন্ন করতে পারবে তা কোটেশনে উল্লেখ করতে হবে।

৯। দরপত্রে মূল্য অতিরিক্ত বা অযৌক্তিভাবে প্রদান করে পরবর্তীতে দরপত্র বাতিল বা প্রত্যাহারের আবেদন করলে তা কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না, বরং কার্যে ব্যর্থতা/দরপত্র প্রত্যাহারের জন্য সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। নির্বাচিত দরদাতা চুক্তি সম্পাদনের প্রাক্কালে উত্থাপিত দরের ৫% (শতকরা ০৫ টাকা) নিরাপত্তা জামানত হিসাবে অধিনায়ক, নৌ ভান্ডার চট্টগ্রাম বরাবর ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিবেন।

১১। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্রটি বাতিলের অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সম্পূর্ণভাবে সংরক্ষিত।

আইএসপিআর/নৌ/২০১০/১৫৮ — অধিনায়ক
জিডি-৫৭ — নৌ ভান্ডার চট্টগ্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন
তেজগাঁও, ঢাকা-১২১৫।

বিজ্ঞপ্তি

নং-৮০.২০০.০৫৬.০০.০১.০৩২.২০১০-৯৫৯ — তারিখ ঃ ০২/ ০১/২০১১ইং।

৩০তম বিসিএস-এর ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট কেন্দ্রে অনুষ্ঠিতব্য আবশ্যিক বিষয়ের লিখিত পরীক্ষার হল ও আসন ব্যবস্থাঃ

তারিখ ঃ ১১,১২,১৩,১৬,১৭,১৮,১৯,২০ ও ২৩ জানুয়ারী/২০১১
সময় ঃ প্রতিদিন সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত।

ঢাকা কেন্দ্র ঃ

ক্রমিক নং	পরীক্ষার হল	রেজিষ্ট্রেশন নম্বর			প্রার্থী সংখ্যা
		থেকে	---	পর্যন্ত	
১।	সরকারী মাদ্রাসা-ই-আলীয়া,বকশীবাজার,ঢাকা;	০০০০০৫	---	০০৮৮৩৮	১২০০
২।	গবর্ণমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল,ধানমন্ডি,ঢাকা;	০০৮৮৩৯	---	০১৮০৭৩	১৫০০
৩।	আইডিয়াল কলেজ,সেন্ট্রাল রোড,ধানমন্ডি,ঢাকা;	০১৮০৭৫	---	০৩৩৩২০	২১০০
৪।	লালমাটিয়া মহিলা কলেজ,ঢাকা;	০৩৩৩২১	---	০৫৩৬৭৯	২০০০
৫।	শেরে-বাংলা-নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়,আগারগাঁও,ঢাকা;	০৫৩৬৮১	---	০৫৮৮৪২	১০০০
৬।	শেরে-বাংলা-নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়,আগারগাঁও,ঢাকা;	০৫৮৮৫৮	---	০৬৯৯৫৯	১০০০
৭।	ঢাকা পলিটেকনিক ইনষ্টিটিউট,তেজগাঁও, (সাত রাস্তার মোড়)ঢাকা।	০৬৯৯৬৩	---	১১২৩৫০	১৯৬০

রাজশাহী কেন্দ্র ঃ

ক্রমিক নং	পরীক্ষার হল	রেজিষ্ট্রেশন নম্বর			প্রার্থী সংখ্যা
		থেকে		পর্যন্ত	
১।	রাজশাহী সরকারী সিটি কলেজ, রাজশাহী	২০০০০২	---	২২৩৯৯৩	১১৬৪

চট্টগ্রাম কেন্দ্র ঃ

ক্রমিক নং	পরীক্ষার হল	রেজিষ্ট্রেশন নম্বর			প্রার্থী সংখ্যা
		থেকে		পর্যন্ত	
১।	ওমরগণি এম,ই,এস কলেজ, নাসিরাবাদ, চট্টগ্রাম	৩০০০২৫	---	৩১৮৬১২	৭৮৬

খুলনা কেন্দ্র ঃ

ক্রমিক নং	পরীক্ষার হল	রেজিষ্ট্রেশন নম্বর			প্রার্থী সংখ্যা
		থেকে		পর্যন্ত	
১।	হাজী মুহাম্মদ মুহসিন কলেজ, খালিশপুর, খুলনা	৪০০০৪০	---	৪১১৫৩৯	৭০০

বরিশাল কেন্দ্র ঃ

ক্রমিক নং	পরীক্ষার হল	রেজিষ্ট্রেশন নম্বর			প্রার্থী সংখ্যা
		থেকে		পর্যন্ত	
১।	সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল	৫০০০০২	---	৫০৪০৩৩	২০৬

সিলেট কেন্দ্র ঃ

ক্রমিক নং	পরীক্ষার হল	রেজিষ্ট্রেশন নম্বর			প্রার্থী সংখ্যা
		থেকে		পর্যন্ত	
১।	সিলেট সরকারী কলেজ, সিলেট	৬০০১৯৫	---	৬০৫৮৯০	৩৭৩

বিশেষ নির্দেশাবলী ঃ

১। পরীক্ষার জন্য পরীক্ষার্থীদের নামে নতুন করে কোন প্রবেশপত্র জারি করা হবে না। প্রবেশপত্রের ২য় পৃষ্ঠায় প্রদত্ত নির্দেশাবলী অত্যন্ত মনোযোগের সাথে পড়তে এবং তদানুযায়ী অনুসরণ করতে হবে। প্রিলিমিনারী (অবজেকটিভ) টেস্টের জন্য জারিকৃত/প্রদত্ত প্রবেশপত্র লিখিত এবং মৌখিক পরীক্ষায় ব্যবহৃত হবে। কাজেই পরীক্ষার্থীদিগকে প্রিলিমিনারী (অবজেকটিভ) টেস্টের জন্য জারিকৃত প্রবেশপত্র সাবধানতার সাথে সংরক্ষণ করতে হবে এবং প্রত্যেক পরীক্ষার দিন প্রবেশপত্রসহ পরীক্ষার হলে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ছাড়া কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। পরীক্ষা কক্ষে বই পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ। **পরীক্ষার দিনসমূহে মোবাইল ফোনসহ কোন প্রার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না। পরীক্ষা হলে এবং গেটে মোবাইল ফোনের জন্য বিশেষ তল্লাশী অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর সাথে মোবাইল ফোন পাওয়া গেলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যেকোন নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে। ক্যালকুলেটর আনা যাবে, তবে সাইন্টিফিক ক্যালকুলেটর নয়।**

৩। লিখিত পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৪। পরিচিতি প্রতিপাদনের সাথে পরীক্ষার্থীর পরিচিতি নিশ্চিত করার সুবিধার্থে পরীক্ষার দিনসমূহে জাতীয় পরিচয়পত্র সাথে রাখার জন্য পরীক্ষার্থীদেরকে অনুরোধ করা হলো। এটি বাধ্যতামূলক নয়।

৫। **ভূঁয়া পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণের প্রচেষ্টা গ্রহণকারীদের বিরুদ্ধে বিশেষ অভিযান চালানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পরীক্ষা কক্ষে পরিদর্শকগণ প্রার্থীর প্রবেশপত্রের সাথে পরিচিতি প্রতিপাদনের ছবি, স্বাক্ষর, রেজিঃ নম্বর এবং জাতীয় পরিচয়পত্র পরীক্ষা করবেন। প্রবেশপত্রে উল্লিখিত রেজিঃনম্বর এবং নাম সঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন। উক্ত কাজ শেষে পরিদর্শকগণ উত্তরপত্রের লিথোকোড ফর্মে এবং হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। প্রার্থীর ছবি, স্বাক্ষর এবং প্রবেশপত্র ও উত্তরপত্রের নাম ও রেজিঃ নম্বরের কোনরূপ গরমিলসহ অনিয়ম ধরা পড়লে প্রার্থীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।**
বিশেষভাবে ঘোষণা করা হচ্ছে যে, পরীক্ষা হলের গেটে ম্যাজিষ্ট্রেট ও পুলিশ এর উপস্থিতিতে প্রার্থীদের প্রবেশপত্রসহ অন্যান্য কাগজপত্র চেক করে হলে প্রবেশের অনুমতি দেয়া হবে। পরীক্ষা কক্ষে প্রার্থীর প্রবেশপত্র এবং পরিচিতি প্রতিপাদনের ছবি ও স্বাক্ষর এবং উত্তরপত্রে উল্লিখিত প্রার্থীর নাম ও রেজিঃ নম্বর কক্ষ পরিদর্শক এবং কমিশনের মনোনীত কর্মকর্তা কর্তৃক দুই স্তরে নিবিড়ভাবে যাচাই করা হবে। কোনরূপ গরমিল পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। পরীক্ষায় যে কোন রকম অসদুপায় অবলম্বনের জন্য সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে হল হতে বহিস্কার করা হবে। কোন পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোন অসদুপায় অবলম্বন করলে বা প্রতারণার আশ্রয় নিলে বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। এমনকি কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতেও পারবেন না। ক্ষেত্র বিশেষে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতে ঐ পরীক্ষার্থীকে সোপর্দ করা হতে পারে।

৭। **৩০তম বিসিএস -এর লিখিত পরীক্ষা লিথো কোড পদ্ধতিতে অনুষ্ঠিত হবে বিধায় প্রচলিত খাতার ১ম পৃষ্ঠায় লিথো কোডের একটি কম্পিউটার ফরম সংযুক্ত থাকবে। উক্ত ফর্মের উপরে প্রার্থী কর্তৃক পূরণীয় প্রথম অংশটি পরীক্ষার্থীকে নিম্নোক্ত নির্দেশমতে পূরণ করতে হবে ঃ**

নির্দেশাবলী ঃ

(১) গাণিতিক যুক্তি এবং মানসিক দক্ষতার জন্য একই সঙ্গে দু' টি উত্তরপত্র (গাণিতিক যুক্তির জন্য লিথোকোডযুক্ত সাদা খাতা এবং মানসিক দক্ষতার জন্য OMR উত্তরপত্র) দেয়া হবে। প্রথমে গাণিতিক যুক্তির উত্তর দিতে হবে। ২ ঘন্টা পর গাণিতিক যুক্তির উত্তরপত্র তুলে নেয়া এবং মানসিক দক্ষতা পরীক্ষার জন্য প্রদত্ত কম্পিউটারাইজড (OMR) উত্তরপত্রে উত্তর দেয়া শুরু করতে হবে। এর জন্য কাল কালির বল পয়েন্ট কলম সঙ্গে আনতে হবে।

(২) নামের ঘরে পরীক্ষার্থীর আবেদনপত্রে এবং প্রবেশপত্রে উল্লেখ অনুযায়ী প্রার্থী তার নাম লিখবেন এবং স্বাক্ষরের ঘরে প্রবেশপত্রের অনুরুপ স্বাক্ষর করবেন। বিষয়ের নামের ঘরে **'৩০তম বিসিএস লিখিত পরীক্ষা'** লিখবেন।

(৩) পরীক্ষা কেন্দ্রের ঘরে প্রার্থীর জন্য প্রযোজ্য বৃত্তটি কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

(৪) রেজিঃ নম্বরের ঘরে প্রার্থীর প্রবেশপত্রে উল্লিখিত রেজিঃ নম্বরটি উপরের ঘরে লিখে নীচের সংশ্লিষ্ট বৃত্তগুলো কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

(৫) বিষয় কোডের ঘরে এই পরীক্ষাসূচীর প্রথমাংশে আবশ্যিক বিষয়ের নামের পাশে উল্লিখিত প্রার্থীর জন্য প্রযোজ্য তিন ডিজিটের কোড নম্বরটি প্রার্থী লিথোকোড ফর্মের 'বিষয় কোডের' ঘরের উপরের ফাঁকা অংশে লিখে নীচের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। যেমন বাংলা ১ম পত্র বিষয়ের কোড ০০১। সেক্ষেত্রে বিষয় কোডের ঘরে ০০১ লিখে নীচের কোডের ৩টি বৃত্ত পূরণ করতে হবে।

(৬) অতিরিক্ত খাতার ক্রমিক নম্বরের ঘরটি প্রযোজ্য সংখ্যা দিয়ে পূরণ করতে হবে। যেমন কোন প্রার্থী অতিরিক্ত খাতা গ্রহণ না করলে ০ (শূন্য) বৃত্তটি পূরণ করবেন। কোন প্রার্থী ১টি খাতা নিলে ১ নম্বর বৃত্ত ২টি খাতা নিলে ২ নম্বর বৃত্ত এবং ৩টি খাতা নিলে ৩ নম্বর বৃত্তটি কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

(৭) সাদা মূল এবং অতিরিক্ত উত্তরপত্রে প্রার্থী তার নাম, রেজিঃ নম্বর ইত্যাদি কোন ভাবেই লিখবেন না।

পদসংশ্লিষ্ট (job related) বিষয়ের পরীক্ষার বিশদ সময়সূচী পরবর্তীতে পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।

(আ.ই.ম. নেছার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)।

GD-72

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

০১	মন্ত্রণালয়/বিভাগ	প্রধানমন্ত্রীর কার্যালয়
০২	সংগ্রহকারী দপ্তরের নাম	প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০৩	কি জন্য আহবান	প্রধানমন্ত্রীর কার্যালয়ে ব্যবহারের জন্য ষ্টেশনারী ও বিবিধ দ্রব্যাদি ক্রয়ের উদ্দেশ্যে প্রতিষ্ঠান নির্বাচন
০৪	আহবানের সূত্র	৬১.৩৯.১৬.০০.০০.২৫.২০১০-০২
০৫	তারিখ	০৩-১১-২০১১
০৬	সংগ্রহ পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি
০৭	বাজেট ও সোর্স অফ ফান্ড	রাজস্ব খাতের বাজেট
০৮	দরপত্র প্যাকেজের নাম	প্রধানমন্ত্রীর কার্যালয়ে ব্যবহারের জন্য ষ্টেশনারী ও বিবিধ দ্রব্যাদি ক্রয়ের উদ্দেশ্যে প্রতিষ্ঠান নির্বাচন
০৯	শিডিউল ক্রয়ের স্থান ও সময়	প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৪ নং ফটক, পত্রিকায় প্রকাশের তারিখ হতে ১৬-০১-২০১১ তারিখ হতে ২৬-০১-২০১১ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে)
১০	দরপত্র দলিলের মূল্য	৫০০/-(পঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) পরিচালক(প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ঢাকা এর অনুকূলে
১১	দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়	২৭-০১-২০১১ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা
১২	দরপত্র খোলা/মূল্যায়নের তারিখ ও সময়	উপস্থিত দরপত্রদাতাদের সন্মুখে (যদি উপস্থিত থাকেন) ২৭-০১-২০১১ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় খোলা হবে
১৩	দরপত্র খোলার অফিসের নাম ও ঠিকানা	প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
১৪	দরপত্র গ্রহণকারীর ও খোলার দপ্তর	পরিচালক-১৫, প্রধানমন্ত্রীর কার্যালয়
১৫	দরদাতাদের যোগ্যতা	হালনাগাদ ট্রেড লাইসেন্স,হালনাগাদ আয়কর রিটার্ন,হালনাগাদ ভ্যাট নিবন্ধন, হালনাগাদ তফসিল ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদপত্র/সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার সনদপত্র সত্যায়িত করে দিতে হবে।

১৬।	দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম ও পদবি	ঃ	কবির বিন আনোয়ার, পরিচালক(প্রশাসন)
১৭।	দরপত্র আহবানকারী কর্মকর্তার ঠিকানা	ঃ	প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
১৮।	দরপত্র আহবানকারী কর্মকর্তার যোগাযোগের মাধ্যম	ঃ	৮১৫১২৮৫
১৯।	নিম্ন স্বাক্ষরকারী সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন	ঃ	
২০।	দরপত্র গ্রহন ও মূল্যায়ণ	ঃ	পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুসরণ করা হবে

(কবির বিন আনোয়ার)
পরিচালক(প্রশাসন)
ফোন ঃ ৮১৫১২৮৫

GD-105

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়
শাখা-৩ (বাজেট)

শিম/শাঃ-৩/১জি-১৭/২০১০/ — তারিখঃ ০১ পৌষ ১৪১৭ / ১৫ ডিসেম্বর ২০১০

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১০-২০১১ অর্থ বছরে অনুন্নয়ন রাজস্ব বাজেটে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য বিশেষ মঞ্জুরী হিসেবে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে ইতিমধ্যে একটি নীতিমালা জারি করা হয়েছে। নীতিমালাটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সকল জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার বরাবরে বিতরণসহ শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moedu.gov.bd) দেয়া আছে। উক্ত নীতিমালা অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছেঃ

(ক) দেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত/এমপিওভুক্ত বেসরকারি সাধারণ/কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কার, আসবাবপত্র তৈরি, খেলাধুলার সরঞ্জাম, প্রতিষ্ঠানকে প্রতিবন্ধী বান্ধব করাসহ পাঠাগারের উন্নয়ন কাজের জন্য মঞ্জুরীর আবেদন;

(খ) বেসরকারি সাধারণ/কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষকগণ তাঁদের দুরারোগ্য ব্যাধি ও দৈব দুর্ঘটনার জন্য মঞ্জুরীর আবেদন;

(গ) সরকারি বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী দুরারোগ্য ব্যাধি, দৈব দুর্ঘটনা এবং শিক্ষা গ্রহণ কাজে ব্যয়ের জন্য আবেদন করতে পারবে। তবে এ বিশেষ মঞ্জুরী প্রদানের ক্ষেত্রে দুস্থ, প্রতিবন্ধী, অসহায়, রোগগ্রস্থ, গরীব, মেধাবী, অনগ্রসর সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার প্রদান করা হবে;

(ঘ) উক্ত খাতে মঞ্জুরী/অনুদান প্রাপ্তির নিমিত্ত আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক এবং ছাত্র-ছাত্রীগণ-কে ২৫/০১/২০১১ তারিখের মধ্যে সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবরে স্ব-স্ব জেলা প্রশাসকের মাধ্যমে আবেদন দাখিল করতে হবে। জেলা প্রশাসকগণ নীতিমালার আলোকে গঠিত জেলা যাচাই-বাছাই কমিটির মাধ্যমে বাছাইকৃত আবেদন সুপারিশসহ সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবে।

রওনক জাহান
সিনিয়র সহকারী সচিব

জিডি-৫০